মেহেরপুরে আত্মহত্যা প্রবণতা প্রতিরোধ সংক্রান্ত কর্মশালা

এসো দেশ বদলায়, পৃথিবী বদলায় এই প্রতিপাদ্যকে সামনে রেখে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে আত্মহত্যা প্রবণতা প্রতিরোধ সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় অতিরিক্ত জেলা প্রশাসক মোহাম্মদ তরিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এসময় মূল প্রবন্ধ উপস্থাপন করেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল্লাহ আল আমিন, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার জামিল খান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম, টিটিসির প্রিন্সিপাল আরিফ হোসেন তালুকদার, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক, জাতীয় নাগরিক কমিটির সদস্য খন্দকার মুইজ প্রমুখ।

কোটচাঁদপুরে আশংকা জনক হারে বেড়েছে আত্মহত্যার প্রবণতা

কোটচাঁদপুরে আশংকা জনক হারে বেড়েছে আত্মহত্যার প্রবণতা। ২৫ দিনে আত্মহত্যার চেষ্টা করে ব্যর্থ হয়েছেন ২৭ জন। মারা গেছেন ৪ জন। প্রতিরোধে আরো বেশি কাজ করতে হবে জানালেন উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ।
সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,কোটচাঁদপুরে ৩০ দিনে ২৯ জন আত্মহত্যার চেষ্টা করে ব্যর্থ হয়েছেন। এরমধ্যে মারা গেছেন ৪ জন।